আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে আমরা হজ্জের তালবিয়া পাঠ করতে করতে মক্কায় উপনীত হলাম। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশে আমরা হজ্জকে উমরায় পরিণত করলাম।

জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে হজ্জের তালবিয়া পাঠ করতে করতে মক্কায়
আগমণ করলাম। অতপর তাঁর নির্দেশে আমরা হজ্জকে উমরায় পরিণত করলাম।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জাবির রাদিয়াল্লাহু আনহু জানাচ্ছেন যে, সাহাবীগণ বিদায় হজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে চলতে লাগলেন এবং অধিকাংশ সাহাবী বলছিলেন লাব্বাইকা হাজ্জান অর্থাৎ তারা ইফরাদ হজ্জ করেছেন। অতঃপর সাহাবীদের মধ্যে যে কুরবানীর পশু নিয়ে আসে নি, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে হজ্জের ইহরাম ছেড়ে দিয়ে উমরায় পরিণত করার আদেশ দিলেন। যাতে তারা তামাত্তু হজ্জ আদায়কারী হয়। তারা তাই করলেন। আল্লাহ তাদের উপর সন্তুষ্ট হোন।

http://sunnah.global/hadeeth/bn/show/4529